



[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dsheets.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৪২৫

তারিখ: ২৩/১১/২০২১ খ্রি.

বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা (সংশোধিত- ২০২০) এর অনুচ্ছেদ-১৭ স্পষ্টীকরণ।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক টেলিফোনিক বার্তা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নিমিত্ত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা (সংশোধিত- ২০২০) এর অনুচ্ছেদ-১৭ নিম্নোক্তভাবে স্পষ্টীকরণ করা হলো।

ক্রম.	নীতিমালা-২০২০ এ যা আছে	স্পষ্টীকরণ
অনুচ্ছেদ- ১৭	৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।	<p>১। যে সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সংযুক্ত প্রাথমিক শ্রেণি নেই সে সকল বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে মোট শূন্য আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে মাউশি'র ৩০/১১/১৯৯৯ প্রিষ্ঠাদের পত্রানুযায়ী সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণির সর্বমোট আসনের ১০% সর্বনিয় ১০টি আসন (সর্বনিয় ১০টি আসন বলতে ১০% এর ১০ জনের কম হলে সেক্ষেত্রে সর্বনিয় ১০টি আসন বুঝাবে) সংরক্ষণ করে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।</p> <p>২। যে সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণি রয়েছে সে সকল প্রতিষ্ঠানে ৫ম শ্রেণি উত্তীর্ণ ভর্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা বাদ দিয়ে ৬ষ্ঠ শ্রেণির মোট শূন্য আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।</p> <p>৩। কোনো অবস্থাতেই মাউশি'র স্মারক নং- ওএম-১৪৮ সম/০২/৬৩৪/৯-সম; তারিখ: ১৪/১০/২০০২ ইং জারীকৃত পত্রে উল্লিখিত আসনের বাইরে একজন শিক্ষার্থীও ভর্তি করা যাবে না।</p>

উল্লেখ্য, ২০২২ শিক্ষাবর্ষে অনলাইনে শিক্ষার্থী ভর্তির নিমিত্ত টেলিটেক বাংলাদেশ লিমিটেড কর্তৃক প্রস্তুতকৃত সফটওয়্যারটি “৬ষ্ঠ শ্রেণিতে মোট শূন্য আসনের ১০% কোটা” অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠাতার ত্রুমানুসারে নয়):

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১)]

২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল

৩। জেলা প্রশাসক, সকল

৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

[প্রত্রি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৬। জেলা শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল

৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় [পত্রানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১০। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

১১। সংরক্ষণ নথি

২৩/১১/২০২১
২৩.১১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

ফোন: ০২-৪১০৫০২৮৩

dd-sec@dsheets.gov.bd